

NOTRE DAME HOLY CROSS HIGH SCHOOL

1st Periodical Test-2021

Subject—Bengali

Time-1.30Hrs

Class—VII

Full Mark—40

1) নিচের অনুচ্ছেদটি পড়ে সঙ্গে দেওয়া প্রশ্নগুলির উত্তর দাও:

উনিশ শতকের দ্বিতীয়ার্ধে যেসব মুসলিম লেখকগণ বাংলা ভাষায় সাহিত্য রচনা করে আপনার যোগ্যতার পরিচয় দিয়েছিলেন, মীর মোশারফ হোসেন তাঁদের মধ্যে সবচাইতে শক্তিমান গদ্য লেখক। তাঁর মধ্যে একেধারে নাট্যকার ও উপন্যাসিক সত্তার সমাবেশ ঘটেছিল। মীরের সাহিত্য জীবনের সূচনা হয় ‘সংবাদ প্রভাকর’ পত্রিকার পাতায়। পরে তিনি ‘আজীবন নেহার’ নামে একটি মাসিক পত্রিকা সম্পাদন করেছিলেন। 1847 খ্রিস্টাব্দের 13 নভেম্বর নদিয়া জেলার অন্তর্গত লাহিনাপাড়া গ্রামে মীর মোশারফ এর জন্ম হয়। রাজকার্যে যোগ্যতা ও পারদর্শিতা জন্য এঁরা মীর উপাধি লাভ করেন।

1x4=4

ক) মীর মোশারফ হোসেন কোন সময়ের গদ্য লেখক?

খ) কোন পত্রিকায় তাঁর সাহিত্য জীবনের সূচনা হয়?

গ) মীর মোশারফ হোসেনের সম্পাদিত পত্রিকাটির নাম কী?

ঘ) কবে মীর মোশারফের জন্ম হয় ?

2) নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

1x4=4

ক) মীরজাফরের পুত্রের নাম কি ছিল ?

খ) কারা সমাজের শিক্ষক?

গ) দশরথ রামচন্দ্রকে কি কি বিষয়ে শিক্ষা দিতে চেয়েছিলেন?

ঘ) সিরাজদ্দৌলা কোথাকার নবাব ছিলেন ?

3) নিচের প্রশ্নগুলোর উত্তর দাও: (যেকোনো দুইটি)

5x2=10

ক) সে সময়ে, তাঁহার শ্বশুর পর্যন্ত তাঁহাকে পরিত্যাগ করিয়াছিলেন..... কার কথা এখানে বলা হয়েছে? তখন কেমন পরিস্থিতি দাঁড়িয়েছিল? শ্বশুর তাঁকে পরিত্যাগ করেছিলেন কেন?

খ) গৃহস্থ পরিবারের যে গঠন, সমাজের সেই গঠন..... কে কোন প্রসঙ্গে এই উক্তিটি করেছেন? গৃহস্থ পরিবারের গঠন লেখকে এর মতে কেমন হওয়া উচিত?

গ) 'পিতা পুত্র বসিলেন সিংহাসন 'পরে'।..... এই পিতা-পুত্র কে? পিতা সিংহাসনে বসে পুত্রকে যেসব উপদেশ দিলেন তা নিজের ভাষায় লেখ।

4) নিচের প্রশ্নগুলির উত্তর দাও: (যেকোনো দুটি) 3x2=6

ক) 'প্রথমা রানীর তুমি প্রথম নন্দনা'..... কার উক্তি? প্রথমা রানী কে? 'প্রথম নন্দন' কে?

প্রথমা রানীর প্রথম নন্দন হওয়ায় ঐ ব্যক্তির কি সুবিধে হয়েছে?

খ) রাজা আমাদের ভক্তি পাত্র কেন? রাজার চেয়েও বেশি ভক্তির পাত্র কারা?

গ) ক্লাইভ সিরাজদৌল্লাকে কি পত্র লিখেছিলেন? এমন পত্র লেখার পেছনে কি উদ্দেশ্য ছিল?

5) অর্থ লেখ: (যেকোন দুটি):-- প্রত্যনয়ন, শিরোভাগ, নৃপবর। 1x2=2

6) বিপরীত শব্দ লেখ:(যেকোন দুটি): অধীন, বিবেচনা, সমুদয়। 1x2=2

7) বাক্য রচনা কর(যেকোনো দুটি): -- আরোহণ, উন্নতি, মহিমা। 1x2=2

8) সন্ধি বিচ্ছেদ করো:-(যে কোন তিনটি): বাগদেবী, চলচ্চিত্র, বিচ্ছেদ। 1x3=3

9) কারক কাকে বলে? কারক কয় প্রকার ও কী কী? 3

10) সংবাদপত্র পাঠের উপকারিতার কথা জানিয়ে ছোট বোনকে পত্র লিখ। 4